ব্যাক্তিগত বিজ্ঞাপন

রূপু- এই যে রাতের গভীর অন্ধকারে ঘুমের মাঝে তোমাকে ডাকি, তুমি কি তা শুনছো? আমি যে এখনো বাংলায় কথা বলি তা শুধু তোমার জন্যই, তা না হলে আমার আর বাংলা বলার মানুষ কই?? -মাহবুব/জার্মানি

***

রূপবান- পুরনো ঢাকায় আমার পাড়াজুড়ে তোমাকে নিয়ে এখনো পড়শীদের সরব-নীরব ফিসফাস চলছে তো চলছেই, এমনকি বিশ্ববাসীও জেনেছে তোমার প্রতি আমার ভালোবাসা-বাসির ব্যাপারটা- শুধু তুমিই বুঝলে না। -মাহবুব

***

রূপু- 'কাজলা দিদি' কবিতাটা মনে পড়ে?? 'দিদির মতো ফাঁকি দিয়ে... কেমন করে রবে?'র মতো আমিও যদি একদিন তোমাকে কোনো কিছু না বলে অন্ধকার দরোজাবিহীন ঘরে গিয়ে থাকি, তুমি তখন কি করবে? No letters, no message or anything will come to me them. -মাহবুব/জার্মানি

***

রূপু- ৭ই অক্টোবর আমাদের বিবাহবার্ষিকী, আমি আজও মনে করি সেই মেঘ-বৃষ্টি আধার কালো করা দিনটিকে, তোমার মনে পড়ে কি? -মাহবুব/জার্মানি

***

রূপবান- আমাকে যে রূপু একদিন ভালোবাসতো কিন্তু এখন বাসে না, আমি আমার সেই পুরনো রূপুকে এখনো ভালোবাসি। ৭ই অক্টোবর আমাদের বিয়ের দিনের প্রতিটি স্মৃতি এখনো আমার কাছে স্বপ্নভঙ্গের চারুকর্মের মতো উজ্জ্বল, বিষাদ ও আনন্দময়। -মাহবুব/জার্মানি

***

রূপু- '৭ই অক্টোবর' আমাদের বিয়ের রাতে সারারাত তুমি চোখ বুজে ছিলে, কিছুতেই চোখ খোলোনি। আর আমি সারারাত তোমাকে দেখে কাটিয়েছিলাম। আহ্! সেই অন্ধকার রাত কোনদিনও যদি শেষ না হতো! মাহবুব/জার্মানি

***

রূপু- ভালোবাসার দু-হাত দিয়েই তো তোমাকে ধরে রেখেছিলাম, রইলে না, কিছুতেই তোমাকে ধরে রাখা গেল না। হয়তো হাতেই কোনো ভুল ছিল। -মাহবুব

***

রূপু- শুনেছি, পৃথিবীতে ভালোবাসা যে পায় সে আর কিছুই পায় না। আর যে সবকিছু পায় সে ভালোবাসা পায় না। আমি বুঝি না, আমি কি পেয়েছি কতটুকু পেয়েছি বা কি হারিয়েছি। -মাহবুব

***

রূপু- এই যে দূর দেশে আমি খুব গোছানো, পরিপাটি জীবন যাপন করছি তা তোমার কাছ থেকেই শেখা। তুমি শিখিয়েছিলে কি করে কষ্ট আড়াল করে মুখে হাসি রাখতে হয়। তাই আজও আমাকে দেখে কেউ বুঝতে পারে না এই সুখী আমি'র আড়ালে কতোটা শূন্যতা থাকে আমার মাঝে!

***

রূপবান- ব্যস্ততা, শুধু ব্যস্ততাই আমাকে ভালোবাসার জন্য সময় দেয়নি তখন। এখন আমার অফুরন্ত অবসর অথচ তুমি নেই...। মাহবুব/জার্মানি

***

রূপু- জিনিস হারালে জিনিস খুঁজে পাওয়া যায়, কিন্তু মানুষ হারিয়ে গেলে বা চলে গেলে আর তাকে খুঁজে পাওয়া যায় না। - মাহবুব

***

রূপবান- জন্ম থেকে যারা দুঃখী তারা তো জনমদুঃখিনী। আর বিবাহকাল থেকে যারা দুঃখী তারা কি বিবাহদুঃখিনী? তুমি কি তাহলে বিয়ের পর থেকে অসুখী ছিলে আর এখন আমি বিনে তুমি তাহলে কতটা সুখী?? - মাহবুব/জার্মানি

***

রূপু- কেন আসে ৭ই অক্টোবর প্রতি বছর? আমি চাই এই দিনটি সম্পূর্ণ ভুলে থাকতে, যেন কিছুই ঘটেনি, কিছুই হয়নি। - মাহবুব, জার্মানি

***

রূপু- ৭ই অক্টোবর, সেই অন্ধকার রাতে তোমার রূপে সত্যিই আমি আলোর নাচন দেখেছিলাম- যা আমি আজও ভুলিনি। - মাহবুব

***

রূপবান- ৭ই অক্টোবর শেষ রাতের দিকে তুমি চোখ মেলে প্রথম কি কথা বলেছিলে মনে পড়ে? বলেছিলে 'এমনি ভালোবেসো আমাকে সারা জীবন'। তাই তোমাকে আমি আজও ভালোবাসি। - মাহবুব/জার্মানি

***

রূপু- ৭ই অক্টোবর সারারাত তুমি চোখ বুজে আধো ঘুমে আধো জেগে ছিলে- আর আমি তোমাকে দেখে কাটিয়েছিলাম সারাক্ষণ- সারারাত। - মাহবুব/জার্মানি

***

রূপবান- আমি জানি একদিন তোমার সব অভিমান শেষ হয়ে গেলে আমার কাছে ফিরে আসবেই। কারণ আমি যে এখনও তোমার... তোমাকে ভালোবাসি। -মাহবুব/জার্মানি

***

রূপু- ভালোবাসলেই ভালোবাসা ভেঙে যায়। তোমার-আমার বিচ্ছেদের একমাত্র কারণ তোমার প্রতি আমার অনেক অনেক বেশি ভালোবাসা, কি বল? -মাহবুব জার্মানি

***

রূপবান- 'দুজনেই দুজনাতে মুগ্ধ'- তুমি বেশির ভাগ সময় এই গানটি গাইতে। আমার কানে এখনো প্রতিধ্বনিত হয় তোমার কণ্ঠ, অথচ আমার কোনো ছায়াও ভাসে না কখনো, কোনোদিন তোমার মনে বা অন্তরে। কি অদ্ভুত বৈপরীত্য। -মাহবুব

***

রূপু- যে ভালোবাসে সেই কষ্ট পায়, যেমন কষ্টে আছি আমি। তোমাকে ভালোবেসে আমি কি পেয়েছি? অবজ্ঞা, অবহেলা আর অশেষ যন্ত্রণা। - মাহবুব

***

রূপবান- আমাদের বিয়ের সেই ৭ই অক্টোবর রাতে কেউ কি কখনো ভেবেছিল একদিন আমরা দুজন দুজনার কাছ থেকে ছিটকে পড়বো? -মাহবুব/জার্মানি

***

রূপু- ভালোবাসায় প্রেমিক মরে জ্বলে-পুড়ে যন্ত্রণায়, আর লম্পটেরা আনন্দে গা ভাসায়। - মাহবুব

***

রূপু- কত বছর হয় তোমাকে আমি দেখি না, অথচ স্মৃতির সঞ্চয়ে আর গভীর ঘুমে অন্ধকারে স্বপ্নেতে মাঝে-মধ্যে দেখা পাই তোমার। আমার মস্তিষ্কের প্রতিটি কোষে কোষে তুমিই রূপবান। কবে, আবার কবে কোন মোহনায়, জীবন নদীর এপারে অথবা ওপারে দেখা হবে, আমাদের দুজনার? - মাহবুব

***

রূপু- ৭ই অক্টোবর কি মনে পড়ে তোমার? তুমি এবং আমি এখন একই পৃথিবীর আলাদা দুই ভিন্ন মানুষ যেন আলাদা দুই গ্রহের। কেউ কারো মনের খবর জানি না। সমস্ত ঘটনাই ক্ষণজীবী বুঁদবুঁদের মতো। জানি পৃথিবীর দীর্ঘ ইতিহাসে আমার ৭ই অক্টোবরের স্থান নেই। হতে পারে তোমার কাছেও সেই রাতের স্মৃতি কুয়াশার ক্ষুদ্র বিন্দুর হাজার ভগ্নাংশের চেয়ে ক্ষুদ্র। কিন্তু আমি আজো মনে করি তোমাকে, আমাদের বিবাহবার্ষিকী ৭ই অক্টোবরকে, তোমার মনে পড়ে কি?? - মাহবুব/জার্মানি

***

Rupu- There are million stars in the sky, but the best star is mine, (is out of my touch!). -Mahbub

***

রূপু- রাতের আকাশে অযুত, লক্ষ, নিযুত, কোটি তারারা সব জ্বল জ্বল করে কিন্তু তারাদের শ্রেষ্ঠ তারাটিই আকাশে নেই। আমি জানি সেই তাঁরাটিই আমার, আমার রূপবান, আমার রূপু। Surely that star is belongs to me. মাহবুব/জার্মানি

***

রূপু- এই আমি এখনো ভালোবাসি আমার ফেলে আসা প্রিয় শহর ঢাকা, প্রিয় মানুষ ক্ষোভে, দুঃখে, অভিমানে ঘেরা তুমি আর প্রিয় জন্মভূমি বাংলাদেশকে। অথচ নিয়তির নির্মম পরিহাস, এই প্রিয় ত্রয়ী থেকে আমি বহুদূরে নির্বাসিত। -মাহবুব/জার্মানি

***

রূপু- এই তুমি ভালো করেই জানো তোমার জন্য কতোটা পাগল হয়েছিলাম। হয়তো তখন আমার প্রতি ভালোবাসা, মোহ ছাড়াও মানবিক কারণেই আমাকে গ্রহণ করেছিলে। সেই সময় যদি আমার অবস্থা পাগল প্রায়, তাহলে এখন আমি বদ্ধ উন্মাদ। এখন আমার দু'চোখে ঘুম নেই। চরম মানসিক অস্থিরতায় কাটছে আমার এখনকার সময়গুলো, তা কি তুমি জানো? -মাহবুব

ব্যাক্তিগত বিজ্ঞাপন

রূপু- তোমাকে আমি খুব বেশি ভালোবাসি বলেই আঘাতটাও পেয়েছি অনেক বেশি। অনেকটা নিউটনের তৃতীয় সূত্রের মতো। -মাহবুব

***

রূপু- আমাকে তুমি মনে করো আর নাই করো, ভালোবাসো আর নাই বাসো, আমি তোমাকে আজও ভালোবাসি সম্ভবত এই কারণেই- I was made for loving you, dear. -মাহবুব/জার্মানি

***

রূপু- এই তুমি-আমি যদি আবার কখনো মুখোমুখি সামনা-সামনি হই, তখনও কি তুমি আমাকে চিনতে পারবে? আমরা তখন কে কাকে প্রথম কি কথা বলবো বা বলতে পারি?? (অবশ্য আমি তখন শুধু এটুকুই বলবো কাছে এসো, হাত ধরো Come on take my hand and follow me. We will go for a brand new paradise.) মাহবুব/জার্মানি

***

রূপু- চলো আবার আমরা আগের মতোই... তুমি কি আবার আমার প্রেমে পড়বে?? -মাহবুব

***

রূপবান- তুমি চলে যাওয়ার পর কোনো বসন্ত ঋতু আমাকে আর কাছে ডাকেনি, সেই থেকে আমি এক তারাহীন অন্ধকার আকাশের নিচে হেঁটে বেড়াচ্ছি, যার শুরু আছে কিন্তু শেষ নেই An endless travel for unknown destination. -মাহবুব

***

Rupu- After your love is gone I don’t know where I belongs, now you’re not next to me and I lost me destiny. -মাহবুব/জার্মানি

***

রূপু- কে জানে, সব সুন্দরের পেছনেই হয়তো সুন্দর সর্বনাশ অথবা অভিশাপ লেগে থাকে। আমি অভিশপ্ত হয়েছিলাম তোমার সুন্দরের স্পর্শে। -মাহবুব

***

রূপু- ঘর ছেড়ে গিয়েছো তাতে কি, তবুও তোমার পিছু ছাড়বো না। জেনে রেখো, এখনো তোমার বসবাস আমার অন্তরে। -মাহবুব/জার্মানি

***

রূপু- শুনেছি, খুব সুন্দরী এবং বিখ্যাত নামীদামি লোকের সংসার টেকে না। আমি বিখ্যাত কেউ নই কিন্তু তুমি ছিলে... হ্যাঁ নজরকাড়া সুন্দরী। এখনও স্বীকার করি। তাই হয়তো আমাদের বিচ্ছেদ ঘটেছিল। -মাহবুব/জার্মানি

***

রূপু- আমি আবারও আমাদের বিয়ের (৭ই অক্টোবরের) অনুষ্ঠানের সবগুলো ছবি দেখলাম, তোমাকে বেশ জীবন্ত মনে হচ্ছিল। তোমার লেখা চিঠিগুলো পড়ছিলাম আর ভাবছিলাম। বেশ কিছুক্ষণ সময়ের জন্য আমি আবার পুরনো স্মৃতির অতল সাগরে ডুবে ছিলাম। পরে হতাশা, কষ্ট ও সব হারানোর ব্যথা নিয়ে বর্তমানে ফিরে এলাম। -মাহবুব/জার্মানি

***

রূপবান- এটা নিশ্চয় স্বীকার করো, আমি তোমাকে কখনোই শারীরিকভাবে কখনো নির্যাতন করিনি। অথচ এই আমি এখনো তোমার জন্য সবার কাছে অভিযুক্ত। বরং আমি এখনো তোমার জন্য তোমার কথা ভেবে মানসিকভাবে নির্যাতিত হয়ে আছি। -মাহবুব/জার্মানি

***

রূপু- আমাদের ফুলেল বাসর রজনীর কথা তোমার মনে পড়ে কি? ঘরভর্তি ফুল, ফুলের গন্ধে ঘুম আসে না এমন অবস্থা। আমাদের সেই আধো আলো আধো অন্ধকার ঘরে তুমি চোখ খুলেছিলে অনেক পরে। হায়! আমার সেই লজ্জায় ঢাকা নববধূ কোথায় হারালো? বিশ্বাস করো বউ, আমি তোমাকে এখনো খুঁজে ফিরি আমার কাছে থাকা তোমার অসংখ্য চিঠি, ছবির অ্যালবামে ও স্মৃতির ডায়েরিতে। -মাহবুব/জার্মানি

***

রূপু- তবুও ভালো, শেষ পর্যন্ত শেষ সময়ে আমার প্রতি তোমার চূড়ান্ত মনোভাবের কথা জানতে পেরেছি যার কোনো ব্যাখ্যা, বিশ্লেষণ বা কারণ খুঁজে পাইনি। যাই হোক, তুমি ভালো থেকো আমার জন্য, আমার কথা নাই বা ভাবলে। -মাহবুব

***

রূপু- আমি আমার বাকি জীবনের শেষ কটা দিন আমাদের যাপিত জীবনের সুন্দর সব স্মৃতির জাবর কাটতে কাটতে কাটিয়ে দিব। তারপরও আমার দৃঢ় বিশ্বাস, তোমার সঙ্গে অন্য ভুবনে আমার আবার দেখা হবেই। Cause our love was made in heaven and we will met again there. -মাহবুব/জার্মানি

***

রূপুবান- তোমার সঙ্গে আমার কিছু হিসাব-নিকাশ মেলানোর ইচ্ছে ছিল, হলো না। ভালোই হলো, অসম্পূর্ণতার মাঝেই চুকে বুকে গেল... সবকিছু, সব লেনাদেনা! মাহবুব/জার্মানি

***

রূপু- এই তুমি আমাকে ভালোবাসো আর নাই বাসো, মনে করো আর নাই করো, তারপরও তুমি আমার শুধুই আমার, (অনেক অনেক দিন আগে তো আমারই বউ ছিলে!)। I know I was born to touch your feelings. -মাহবুব/জার্মানি

***

রূপবান- Love is blind. কিন্তু তুমি আমার চোখ খুলে দিয়েছো। স্বীকার করি সবকিছুর দায়ভার আমার। তাই আমি আজ একাকী, অনুতপ্ত ঘরছাড়া, নিরুদ্দেশ। বহু যোজন দূর থেকে বলি, আমি বিনা ভালো থেকো, সুখে থেকো, সব সময়। -মাহবুব

***

রূপবান- আমাদের ভালোবাসা বাসির শেষ অধ্যায় কি হবে বা কি ঘটতে পারে? একত্রে বসবাস অথবা এরকমই দূরত্ব... আমি জানি না, তুমি কি জানো?? -মাহবুব

***

রূপু- তোমাকে খুব বেশি ভালোবাসতাম বলেই বুকের ভেতরে জমে থাকা কষ্টটা বাজে বেশি। কাচের চুড়ি ভেঙে গেলেও শব্দ হয় কিন্তু হৃদয় ভাঙার কোনো শব্দ হয় না। তাই তুমি কখনোই শুনতে পারোনি আমার ভাঙা বুকের ব্যথা কতোখানি। -মাহবুব

***

রূপবান- এক মেঘলা দুঃখিনী আকাশ ছাড়া কেউ জানে না কি যে কষ্ট আমার। -মাহবুব

***

রূপু- তুমি আছো তাই এই পৃথিবী এতো সুন্দর, এখনো বেঁচে থাকতে ইচ্ছে করে। কিন্তু যখন তুমি থাকবে না তখন আমি আরো বেশি একাকী ও স্বাধীন হয়ে পড়বো, রাস্তার ধারে থাকা বেওয়ারিশ কুকুরের মতো... ভালোই হবে তখন আমার জন্য। - মাহবুব/জার্মানি

***

রূপবান- এতো প্রত্যাখ্যান, এতো ব্যর্থতার পরও তোমাকে আমি কেন আজও ভালোবাসি?? উত্তরটা যদি তুমি জেনে থাকো, আমাকে জানাবে। -মাহবুব/জার্মানি

***

রূপু- যে তুমি আমার জন্য তোমার সর্বস্ব ত্যাগ করতে দ্বিধা করোনি, আর আজ সেই তুমি কি না আমার নাম, চিহ্ন সমেত যা কিছু ছিল অস্বীকার করছো! আসলে তুমি দক্ষিণ এশিয়ার অন্য সব ক্ষমতাবতী নারীর মতোই দৃঢ়, কঠিন এবং আপোসহীনা!! -মাহবুব/জার্মানি

***

রূপু- আমি বন্ধ দরোজায় নয়, ভুল দরোজাতেই করাঘাত করেছি, এতটা বছর, তাই কোনো সাড়াশব্দ বা আমন্ত্রণ পাইনি। তবুও ভালো, শেষ পর্যন্ত আমি জেনেছি আমার প্রতি এখনো তোমার ক্ষোভের কথা, অভিমানের কথা, anyway I will never never... মাহবুব/জার্মানি

***

রূপবান- ভালোবাসায় সুখ কতটুকু? যতদিন ভালোবাসা থাকে, তারপর সব শূন্য হাহাকার, ফাঁকা। ধু ধু মরুভূমি, জীবন অভিশপ্ত, বেঁচে থাকা ক্লান্তিকর। -মাহবুব/জার্মানি

***

রূপু- মানুষ যতোই যৌথ যুথবদ্ধ জীবনের কথা ভাবুক না কেন, আসলে সে একাকীত্বের দিকেই ছুটে যায়। এই যেমন আমি আর তুমি যৌবনে ভালোবাসার জোয়ারে সবকিছু তুচ্ছ করে ঘর বাঁধলাম (৭ই অক্টোবর!)। তারপর... ভালোবাসা কখন যে জানালা দিয়ে পালালো টেরই পাইনি। আসলে ভালোবাসা আমাদের কাউকে কিছু না বলেই...। -মাহবুব/জার্মানি

***

রূপু- এখনো আমাদের দুজনের মাঝে বেশ মিল। ভেবে দেখ, তুমি-আমি দুজনেই দুই ভাঙা নায়ের (নৌকার) যাত্রী। দুজনেই একাকী জীবন নদী পাড়ি দিচ্ছি, কি বল? -মাহবুব/জার্মানি

ব্যাক্তিগত বিজ্ঞাপন

রূপু- জীবনের এই জলসাঘর থেকে অবসর নেয়ার পথে চলেছি এই আমি। এখন আমি খুবই ক্লান্ত ও অবসন্ন। তাই তোমার প্রয়োজনীয়তা আরো বেশি অনুভব করি। ক্ষণে ক্ষণে প্রতিক্ষণে। -মাহবুব

***

রূপু- আমাকে এখনো যদি কেউ জিজ্ঞেস করে তোমার চোখে সেরা সুন্দরী কে? আমি এখনো দ্বিধাহীন চিত্তে বলি- আমার বউ রূপুই অন্য যেকোনো সুন্দরীর চেয়েও অনেক বেশি সুন্দর ও শ্রেষ্ঠ। মাহবুব/জার্মানি

***

রূপু- পুরনো ঢাকায় আমরা (তুমি ও আমি) যেখানে বসবাস করতাম। আজ থেকে অনেক অনেক দিন পরে তোমার-আমার গল্প রূপকথা নয়, রূপুকথা হিসেবেই মানুষ জানবে। -মাহবুব/জার্মানি

রূপু- আমার কাছে এখনো আমাদের বাসর স্মৃতি মনে হয় এই তো কয়েক ঘন্টা আগের ঘটে যাওয়া... আমার মনে পড়ে অন্ধকার হালকা নীল আলোর নিচে আমার বাঁ হাতে তোমার চোখ বোজা মুখ। সেই রাতে তুমি একবারও চোখ খোলোনি। আমি বুঝেছিলাম দূর আকাশের চাঁদের চেয়েও সুন্দর চাঁদমুখ ছিল আমার হাতে। জানালার বাইরে তখন ভরা পূর্ণিমার চাঁদ ছিলো, মনে পড়ে, তোমার কানে কানে বলেছিলাম, 'ঐ চাঁদের চেয়েও সুন্দর আমার বউ।' -মাহবুব/জার্মানি

***

রূপু- ভালো একটা মন থাকলে ভালোবাসা সহজেই পাওয়া যায়, আবার ভালোবাসলেই ভালো প্রেমিকও হওয়া যায়। কিন্তু ভালো প্রেমিক মানেই যে ভালো স্বামী নয়, এটাই বোধহয় আমার বেলা প্রযোজ্য। -মাহবুব/জার্মানি

***

রূপু- ১৭ই সেপ্টেম্বর রাতে তুমি যা বলেছো তাতে আমি আরো বেশি অবাক ও বিস্মিত। আসলে এই এতো বছর পরও তুমি আমাকে চিনতে পারোনি। আসলে হৃদয় যখন হৃদয়কে বুঝতে পারে না তখনই ব্যাখ্যার প্রয়োজন পড়ে। তুমি আমাকে আরও পড়ে উঠতে পারোনি, তাই আমি আর আমার প্রসঙ্গে কোনো ব্যাখ্যা বা অজুহাত তৈরি করিনি। তোমার দেয়া সব অভিযোগ আমি নতশিরে মেনে নিয়েছি। তারপরও প্রার্থনা, জগদ্বীশ্বর তোমার মঙ্গল করুক। -মাহবুব/জার্মানি

***

রূপু- আমি তোমাকে নিয়ে আমার কোনো স্মৃতি হারাইনি শুধু তোমাকে ছাড়া। যদি এমন হতো, তুমি এখনো আমার পাশে আছো কিন্তু আমি স্মৃতিভ্রষ্ট, নির্বাক- তাহলে আমার জন্য অনেক বেশি ভালো হতো। -মাহবুব

***

রূপু- ভালোবাসার জন্য রাজা অষ্টম অ্যাডওয়ার্ড সিংহাসন ত্যাগ করেছিলেন আর এই আমি দেশ ত্যাগ করেছি। রূপবান, শুধু তোমার জন্যই আমি ঘরছাড়া নির্বাসনে আছি। -মাহবুব

***

রূপু- তোমাকে ভালোবাসতাম বলেই আজ বিচ্ছিন্ন এই আমি, শরৎ বাবুর কথাই ঠিক- বড় প্রেম শুধু.... দূরেও ঠেলে দেয়।' তবে কি আমাদের ভালোবাসা অনেক অনেক বেশি বড় ছিল?? -মাহবুব/জার্মানি

***

রূপু- স্বামী বিচ্ছিন্ন নারীরা কি খুবই শক্ত, কঠিন ও ক্ষমতাপ্রিয় হয়? হতেও পারে, একমাত্র কঠিন ও শক্ত কিছুই তো টিকে থাকে, এই ধরাতে!! -মাহবুব

***

রূপু- আমার মৃত্যুর পরে আমার কবরের এপিটাফে লিখে দিও, এখানে ঘুমিয়ে আছে একজন যে অনেক অনেক দিন ভালোবাসা ছাড়া নির্বাসিত ছিল দূর-বিদেশে। কিন্তু ভালোবাসতো... একজনকেই, (রূপবান তোমাকেই)। -মাহবুব/জার্মানি

***

রূপু- তোমার ইস্পাত দৃঢ় অবস্থানই বাধ্য করেছে আমাকে একাকী জীবন কাটাতে। কিন্তু আমি কি পেলাম? What have you go at the end of the day? A set of lies. -মাহবুব

***

রূপু- মানুষ তো সবই পারে কিন্তু একজোড়া নারী-পুরুষ কেন ভালোবাসা নিয়ে একই ছাদের নিচে থাকতে পারে না?? -মাহবুব/জার্মানি

***

রূপু- ভালোবাসার কি যে যন্ত্রণা, এক আমি ছাড়া কেউ জানে না। তাই বলি, আমার মতো এই বিষ কেউ পান করো না। -মাহবুব/জার্মানি

***

রূপু- এই আমাকেই একদিন তুমি বলেছিলে, আমিই তোমার সর্বোচ্চ পাওয়া। 'আমার সোনামানিক', যার প্রতিধ্বনি আমি এতো বছর পরও শুনতে পাই। ভেবে অবাক হই, সেই আমিই এখন তোমার কাছে সবচেয়ে মূল্যহীন, অর্থহীন এক বাতিল মানুষ। মাহবুব/জার্মানি

***

রূপবান- তোমার-আমার বিচ্ছেদে আমি কতোটা পরাজিত হয়েছি বা তুমি কতোটা জয়ী হয়েছো জানি না। তবে আমাদের দু'জনার ভালোবাসাই সবচেয়ে বেশি পরাজিত হয়েছে। আমি শুধু আমাদের ভালোবাসা জন্য আজো কষ্ট অনুভব করি। -মাহবুব

***

রূপবান- এতো কিছুর পরও আমি যেন আজো অন্য কোনো বাঁধনে জড়িয়ে আছি। কি সেই অদৃশ্য বন্ধন, বুঝে উঠতে পারি না। সেটা কি তোমার প্রতি মোহ, মায়া অথবা ভালোবাসা? জানি না। তবে সেই অদৃশ্য, নামহীন বন্ধনের শক্তি আমাদের পুরনো ভালোবাসার চেয়েও বেশি। এটা আমি দৃঢ়তার সঙ্গে বলতে পারি, বলবো। - মাহবুব

***

রূপবান- ভালোবাসার উল্টোদিকে একজন নারী বোধহয় তোমার মতোই শীতল, কঠিন ও আপোসহীন। -মাহবুব

***

রূপবান- আমার সমস্ত কৃতকর্ম একদিকে আর অন্যদিকে যদি তোমার প্রতি ভালোবাসা পরিমাপ করো, তাহলে কোনটার পাল্লা ভারী হবে, আমার খুব জানতে ইচ্ছে করে। -মাহবুব/জার্মানি

***

রূপু- Your last word striked me very rudely. আমার কানে এখনো তোমার অভিযোগের প্রতিধ্বনি বাজে। তোমার অভিযোগের কোনো উত্তর আমার জানা নেই। -মাহবুব

***

রূপবান- তুমি চাইলে তোমার জন্য জাতিসংঘের ১০ লাখ ব্লু হেলমেটের মাধ্যমে কুড়ি লক্ষ নীলপদ্ম পাঠাবো। মাহবুব/জার্মানি